দৈনিক সংবাদ

তারিখ ... 29 APR 1989 ...
পৃষ্ঠা ... 4 কলাম ... 1 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

74

29 APR 1989

# পাকুটিয়া বিসিআরজি কলেজটিকে সরকারী করার আবেদন

জেলা-টাংগাইল, উপজেলা-নাগরপুর অবস্থিত পাকুটিয়া বি, সি, আর, জি মহাবিদ্যালয়টি প্রায় সাড়ে সাতাশ একর ভিটি জমির ওপর ৩টি সু-দৃশ্য প্রাসাদ-তুল্য দালানে স্থাপিত।

মহামান্য রাষ্ট্রপতি উক্ত ভিটি-জমিসহ তিনটি দালান স্মারক নং-৫৫০৪/১/সি,এম, এল,এ তারিখ এপ্রিল, ১৯৮৫ মাধ্যমে মহাবিদ্যালয়টিকে দান করে দিয়েছেন।

পাকুটিয়ার জমিদার 'রায়-চৌধুরী পরিবার' ১৯৪৭ সালে দেশ বিভাগের পূর্বে ভারতে চলে গিয়েছেন। তাদের উক্ত পরিত্যক্ত বসত বাড়ীতে তাদেরই পিতৃপুরুষ স্বনামধন্য বৃন্দাবন চন্দ্র রাধা গোবিন্দ মহাশয়ের স্মরণে (সংক্ষেপে বি,সি,আর,জি মহাবিদ্যালয়) মহাবিদ্যালয়টি ১৯৬৭ সালে স্থাপন করা হয়েছে।

এখানে ১৯১৬ সালে উক্ত স্বনামধন্য বৃন্দাবন চন্দ্র রাধা গোবিন্দ মহাশয়ের স্মরণে স্থাপিত ঐতিহ্যবাহী একটি উচ্চ বিদ্যালয়ও আছে।

উচ্চ বিদ্যালয়টি গ্রামের শেষ সীমানার পূর্বে অবস্থিত। উচ্চ বিদ্যালয়টির পশ্চিম সীমানা থেকে মহাবিদ্যালয়ের তিনটি প্রাসাদতুল্য দালান একটি মনোরম পরিবেশে পূর্ব হইতে পশ্চিমে সাজানো একটার পর একটা দাঁড়িয়ে আছে। গ্রামটির পূর্বে, দক্ষিণে আর পশ্চিমে খোলা-মেলা বিস্তীর্ণ দিগন্ত এবং উত্তর দিক দিয়ে ধলমাই নদী প্রবাহিত। দীঘি, পুকুর, দুটি বিশাল খেলার মাঠ, সারিবদ্ধ হোটেল বিল্ডিং, বিশাল নাট্যশালা, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ, মসজিদ, ব্যাংক, পুলিশ ফাঁড়ি, তহসিল অফিস ইত্যাদিসহ গ্রামটি একটি স্বয়ং সম্পূর্ণ এডুকেশনাল কমপ্লেক্স হিসাবে বিরাজমান এবং নৈসর্গিক দৃশ্যে অতুলনীয়।

জনসংখ্যার অনুপাতে আমরা প্রায় ৯৫ ভাগই গরীব চাষী। আমাদের জন্য এই প্রাসাদতুল্য তিনটি দালানের হেফাজত, মেরামত এবং সংস্কার করে এর গাম্ভীর্য বজায় রাখা সাধ্যাতীত। আশংকা করছি, নিয়মিত পরিচর্যার অভাবে অচিরেই এর সুরম্য দালানগুলি ধ্বংসস্তুপে পরিণত হবে।

আমরা জানি মহামান্য রাষ্ট্রপতি শিক্ষা প্রতিষ্ঠানগুলো জনাকীর্ণ পরিবেশ থেকে দূরে কোন নিরিবিলি পরিবেশে স্থাপনে আগ্রহী। সেদিক থেকে তাঁহার ইচ্ছে পুরণের জন্য পাকুটিয়া একটি আদর্শ স্থান।

ইচ্ছে করলে, এই মহাবিদ্যালয়টিকে একটি আবাসিক বিশ্ববিদ্যালয়ে পরিণত করা যেতে পারে। জ্ঞানী, গুণী যাঁরাই এ যাবৎ এই মহাবিদ্যালয়টি পরিদর্শন করেছেন তাঁরা সবাই এরূপ মতামতই ব্যক্ত করেছেন।

সুতরাং মহামান্য রাষ্ট্রপতির সমীপে আমাদের সবিনয় আকুল আবেদন, এই মহাবিদ্যালয়টিকে একটি সরকারী আবাসিক মহাবিদ্যালয়ে রূপান্তরিত করে আমাদের ছেলেমেয়েদের উচ্চ শিক্ষার পথ সুগম তথা সুরম্য ও সু-দৃশ্য প্রাসাদতুল্য তিনটি দালানসহ এই এডুকেশনাল কমপ্লেক্সটিকে বাঁচিয়ে রেখে বাধিত করুন।

আবদুল মান্নান খান
প্রতিষ্ঠাতা সম্পাদক।
প্রতিষ্ঠাতা মেম্বর
১০,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা।